উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

উপদেষ্টা ঃ জনাব হাবিবুর রহমান
মাননীয় সংসদ সদস্য, ২৩২, সিলেট-৩

সভাপতি ঃ জনাব মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হলরুম, কোম্পানীগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ২১-০৯-২০২১ খ্রি. সকাল : ১০.৩০ টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভার শুরুতে নব নির্বাচিত মাননীয় সংসদ সদস্য শুভেচ্ছা ও স্বাগত জানান এবং উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, বিগত আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই।	কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়	উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, বিগত আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ আছে কোন আপত্তি/সংশোধন নেই।
০২	উপজেলার কমিটিসমূহের সুপারিশ	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো	সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি।
০৩	সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর।
০৪	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে ভ্যাক্সিন প্রদান করা হচ্ছে। তিনি আরোও বলেন যারা এখনও ভ্যাক্সিন নেননি তারা অতি দ্রুত ভ্যাক্সিন নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৫	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ আব্দুল মুকিত, সহকারী পরিকল্পনা অফিসার সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ে স্বাভাবিকভাবে কার্যক্রম অব্যাহত আছে। আগস্ট ২০২১ মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৭৩.৬৪% এবং সক্ষম দম্পতির সংখ্যা ১৮,৯৩৮জন। PRS এর আওতায় e-Registion কার্যক্রম চলছে। তাছাড়া ৪নং উত্তর কুশিয়ারা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অবকাঠামো পরিমাণ হলে নির্মাণ হলে সেবাকার্যক্রমের আরো অগ্রগতি হবে বলে উপস্থিতিত সভাকে অবহিত করেন।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার

চলমানপাতা -০২

০৬	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি অফিসার
০৭	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৮	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার সভায় জানান বিগত ১৩/০৯/২০২১ খ্রি. তারিখ রাজস্ব বাজেটের আওতায় অত্র উপজেলার চিপুনা বিল ডুবি এলপ জলমহালে ১৯৭.১৯ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। এছাড়া স্বাস্থ্যবিধি দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য অফিসার
০৯	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা পরিষদ ওয়ারি বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন কার্যক্রম শুরু হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	২০২১-২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১০	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, ২০২০-২১অর্থ বছরের আওতায় সকল ভাতার কাজ সকলের সহযোগিতায় শতভাগ সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের সেচ্ছাসেবী সংস্থা ও ফেস্টুগঞ্জ অফিসার ক্লাবসহ সকলকে অনুদানের চেক বিতরণ করা হয়েছে। চা-শ্রমিকদের মধ্যে ২৪,৯৫,০০০/- টাকা গত ০৭/০৯/২০২১ তারিখে বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, দীর্ঘ ১৭ মাস পর গত ১২/০৯/২০২১ তারিখে সীমিত আকারে ক্লাস পরিচালনার জন্য প্রাথমিক বিদ্যালয়গুলো খোলা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে প্রতিটি বেঞ্চে ০১জন করে শিক্ষার্থী বসিয়ে ছাত্রছাত্রী অনুপাতে ২ শিফট পাঠদান পরিচালনা করা হচ্ছে। শিক্ষার্থীদের মধ্যে প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে। ক্রমান্বয়ে উপস্থিতির হার বৃদ্ধি পাচ্ছে। শিক্ষা অফিসারবৃন্দ কর্তৃক নিয়মিত অনলাইনে স্কুল পরিদর্শন করে পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১২	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ে আইজিএ প্রকল্পের ১২তম ব্যাচ হইতে নতুন দুইটি ট্রেডে ১) ফ্যাসন ডিজাইন ২) হস্তশিল্প ও শতব্রঞ্জি, তিন মাস ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হবে। অদ্য ২১/০৯/২০২১ তারিখ হইতে ফ্যাসন ডিজাইন ট্রেডে প্রশিক্ষণ না থাকায় উক্ত ট্রেডে প্রশিক্ষণ শুরু কর সম্ভব হয়নি। অন্যসব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার
১৩	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, দপ্তরের ঋণ কার্যক্রমের বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরেনঃ ১। মূল ঋণ তহবিল ২৬৬৮৮০০/-টাকা, ২। মোট ঋণ তহবিল ৫০৬২৩২৩/৯৬ টাকা, ৩। মোট ঋণ বিতরণ ২১৪৩৯০০০/- ৪। মোট ঋণ আদায়যোগ্য ২০১০৩৭৬৫/- ৫। মোট ঋণ আদায় কৃত ১৬৮১৯৩৪৭/-, ৬। মোট ঋণ খেলাপী ১৯৪৮৪৪১/-, ৭। মোট কিস্তি খেলাপী ১৩৩৫৫৭৭/-, ৮। আদায়ের হার ৮৩.৫৬% ৯। মোট ঋণ সংখ্যা ৭৯২টি, ১০। মোট ঋণীর সংখ্যা বর্তমানে ২৪০ জন, ১১। মোট প্রশিক্ষণ প্রাপ্ত ৭৭৮৭ জন, ১২। মোট আত্মকর্মী ৪২৫২ জন, ১৩। ব্যাংক স্থিতি ৫৪৫৭৮৬/৭৪ তিনি আরোও জানান যে, যুব প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
১৪	জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন ১। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প হতে উপজেলা ওয়াটসন কমিটি হতে ৫৫ টি নলকূপ পাওয়া গেছে এর মধ্যে ১২টির কাজ প্রক্রিয়াধীন কাজের অগ্রগতি ৩০% ২। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প হতে ৫টি ইম্প্রভড ল্যাট্রিন উপজেলা ওয়াটসন কমিটি হতে ৫টি ইম্প্রভড ল্যাট্রিন পাওয়া গেছে ২টির কাজ প্রক্রিয়াধীন কাজের অগ্রগতি ৪০% ৩। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় টিএসপি (নলকূপ) ১৭টি নলকূপ পাওয়া গেছে এর মধ্যে ৬টির কাজ প্রক্রিয়াধীন কাজের অগ্রগতি ৪০% ৪। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দরগাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লক ১টি পাওয়া গেছে এর মধ্যে ৬টির কাজ প্রক্রিয়াধীন কাজের অগ্রগতি ৫৫% ৫। আশ্রয়ন প্রকল্প হতে ১৩টি নলকূপ পাওয়া গেছে উক্ত কাজগুলো চলমান রয়েছে। এছাড়া করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

১৫	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে সরকারি নির্দেশে বিগত ১২/০৯/২০২১ খ্রি. থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। পাঠদান কার্যক্রমের তথ্যাদি অনলাইনে গুগল ড.কম এর মাধ্যমে প্রতিদিন প্রেরণ করা হচ্ছে। কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১৬	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ১। গত ২০১৯-২০অর্থ বছরে সেপ্টেম্বর ২০১৯ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৩১নং প্রকল্পটি ৪ নং উত্তর ফুশিয়ারা ইউনিয়নের শেষ সীমানা হাইওয়ে সড়কে ও উপজেলার বিভিন্ন স্থানে সীমানা ফলক নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয় এবং পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হলেও বিল প্রদান করা হয়নি। বর্তমানে উক্ত সভার মাধ্যমে অনুমোদন পূর্বক বিল প্রদানের জন্য সভায় উত্থাপন করেন। ২। গত সেপ্টেম্বর ২০২০ এর উপজেলা মাসিক সভায় বিভিন্ন ৩৪ এর সিদ্ধান্ত মোতাবেক জরুরি ভিত্তিতে ডাইকের বাজার রাস্তা মেরামত করা হয় উক্ত প্রকল্পটি পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হলেও বিল প্রদান করা হয়নি। বর্তমানে উক্ত সভার মাধ্যমে অনুমোদন পূর্বক বিল প্রদানের জন্য সভায় উত্থাপন করেন। প্রকল্প দুটি নিম্নরূপ: **এছাড়া তিনি আরোও জানান যে, গত এপ্রিল ২০২১ মাসের মাসিক সভায় হাট বাজার তহবিলের ১৫% এর আওতায় পূর্ব বাজারে যাত্রী ছাউনী হতে পূর্ব দিকে ডাক বাংলা সীমানা পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়। কিন্তু উক্ত প্রকল্পটি এলজিইডির UTMIDP হতে প্রকল্প খাতে বরাদ্দ থাকায় উক্ত প্রকল্পটি হাট বাজার তহবিল বাস্তবায়ন না করার জন্য সভায় উপস্থাপন করেন।**	সভায় আলোচনান্তে ১নং প্রকল্পটি উপজেলা উন্নয়ন তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে এবং প্রকল্প ও ২নং প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২০২১-২২ অর্থ বছরে পুনরায় অনুমোদন করা হলো এবং নতুন করে নথি প্রস্তুত পূর্বক উত্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়া হাট বাজার তহবিলের ১৫% এর আওতায় ফেঞ্চুগঞ্জ বাজারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ফাইল দ্রুত প্রস্তুত করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। গত এপ্রিল ২০২১ মাসের মাসিক সভায় হাট বাজার তহবিলের ১৫% এর আওতায় পূর্ব বাজারে যাত্রী ছাউনী হতে পূর্ব দিকে ডাক বাংলা সীমানা পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা বাতিল করা হলো। এবং উক্ত প্রকল্পটি এলজিইডির UTMIDP বরাদ্দ রয়েছে সেই বরাদ্দ দিয়ে উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট।

ক্রমিক নং	কাজের নাম	তহবিলের নাম	টাকার পরিমাণ
০১	৪ নং উত্তর ফুশিয়ারা ইউনিয়নের শেষ সীমানা হাইওয়ে সড়কে ও উপজেলার বিভিন্ন স্থানে সীমানা ফলক নির্মাণ। প্রকল্প সভাপতিঃ ১। আহমদ বিলু চেয়ারম্যান ৪নং উত্তর ফুশিয়ারা ইউপি, ২। মোঃ আবুল কাইয়ুম, সেক্রেটারী, ৩। মোঃ কয়েছ আহমদ, সদস্য, ৪। মোঃ রমজান আহমদ চৌঃ, সদস্য ৫। জামাল উদ্দিন, সদস্য ৬। মোঃ সফিকুর রহমান, সদস্য ৭। আনচার আলী লস্কর, সদস্য	উন্নয়ন তহবিল	১,৪৫,০০/-
০২	ডাইকের বাজার রাস্তা মেরামত প্রকল্প সভাপতিঃ ১। সাথী রানী দাস, সদস্য ৪নং উত্তর ফুশিয়ারা ইউপি, ২। চমক আলী, পিতাঃ মৃত আফজাল আলী, সেক্রেটারী, ৩। শাহিন আহমদ, পিতা- মৃত আবজাল আলী, সদস্য ৪। সোহেল আহমদ, পিতা- মৃত দেলওয়ার হোসেন, সদস্য ৫। গৌরাঙ্গ দাস, পিতাঃ মৃত তরুনী দাস, সদস্য ৬।এমরান আহমদ, পিতাঃ ফাখন মিয়া, সদস্য ৭। মোঃ আজিজুর রহমান, পিতা- মতিউর রহমান, সদস্য	উপজেলা রাজস্ব তহবিলে অপ্রত্যাশিত খাত	৮০,০০০/-

১৭	বিজার ভিত্তি বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৮	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার
১৯	বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা
২০	আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক	উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় দপ্তরের পল্লী ব্যাংকের সমিতি ১১৬ জন, মোট সদস্য ৫,৫৬০ জন, মোট সঞ্চয় ২৪,৩,৮৮,৭৩৮/ টাকা, মোট ঋণ বিতরণ ১৩,১৯,৩৫,০০০/-, আদায়ের হার ৭০% এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক
২১	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান খাদ্য বিভাগ গত বোরো/২১ সংগ্রহ মৌসুমে সরকার নির্ধারিত লক্ষমাত্রা অনুযায়ী ৪৯৮ মে.টন ধান এবং ৭৪ মে.টন আতপ চাল সংগ্রহ করেছে। সেপ্টেম্বর/২১-নভেম্বর/২১ প্রান্তিকের খাদ্য বান্ধব কর্মসূচী গত ১৯/০৯/২০২১ তারিখ থেকে ৫টি ইউনিয়নে শুরু হয়েছে। ফেঞ্চুগঞ্জ উপজেলার হতদরিদ্র লোকদের মাঝে বর্তমান সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচী সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে সভার সকলের সহযোগিতা কামনা করেন।	বাস্তবিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট

চলমানপাতা -০৪

২২	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের ডিসেম্বর ২০২০ মাসের বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম নিয়ে উপস্থাপন করা হলোঃ ১। ক্ষুদ্র ঋণ বিতরণ ১০.১৭ ২। নারী উদ্যোক্তা ঋণ বিতরণ ৬.০০ ৩। সেক্টর ঋণ বিতরণ ৩.০০ ৪। প্রোগ্রোদনা ঋণ বিতরণ ৩.৫০ ৫। সকল সঞ্চয় আমানত ৯১.২৫ ৬। মোট সদস্য ১২৫০ জন ৭। আদায় হার ৯৪% স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে সকল কাজ করা হচ্ছে এবং সদাদের মাঝে মাস্ক ও সেনিটাইজার ও সাবান বিতরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট
২৩	বিবিধ-০১	ক্রোকারিজ সামগ্রী ক্রয় সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন সরবরাহ করার নিম্নোক্ত ক্রোকারিজ সামগ্রী যথা: ছোট চামচ ২ডজন, চা এর কাপ ২ ডজন, পানির গ্লাস ১ ডজন, হাফ প্লেট ১ ডজন জরুরি ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন।	উক্ত ক্রোকারিজ সামগ্রীসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে ৮,০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ক্রয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।
	বিবিধ-০২	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান স্টাফদের জন্য নির্ধারিত কোয়ার্টারটি অবস্থা জরাজীর্ণ। বর্তমানে শ্যামলী কোয়ার্টারের সংস্কার জরুরি হয়ে দাড়িয়েছে।	উপজেলা প্রকৌশলী প্রাক্কলন দিতে অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট।

উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য মহোদয়ের বক্তব্যঃ মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা শ্যামলি কোয়ার্টারের সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীকে দ্রুত প্রাক্কলন প্রস্তুত করতে বলেন। এছাড়া তিনি উপজেলা পরিষদের বাউন্ডারির বিষয়েও দিক নির্দেশনা প্রদান করেন। তিনি সবাইকে সমন্বিতভাবে একসাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী স্বচ্ছতার ভিত্তিতে কাজ করতে হবে বলে সভায় দিক নির্দেশনা প্রদান করেন।

সভাপতির সমাপনী বক্তব্য ঃ অদ্যকার সভায় উপস্থিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchuganj1900@gmail

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব মোঃ জহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০২	জনাব মোঃ বদরুজ্জোজা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব সুফিয়ানুল করিম চৌধুরী, ২নং সাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৪	জনাব লেইছ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৫	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি
০৬	জনাব এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব রাখী আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ
০২	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ এর প্রতিনিধি ডাঃ ফারহানা আক্তার
০৩	জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৪	ডাঃ এ,কে,এম, নিজামুর রহমান, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৫	ডাঃ ইউকে, সিনহা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৬	জনাব মোঃ ইকবাল হোসেন, উপসহকারী প্রকৌশলী এলজিইডি, ফেঞ্চুগঞ্জ
০৭	জনাব মোঃ আবু ছাইদ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৮	জনাব সৈয়দ নুরুল হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৯	জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
১০	জনাব মোঃ আব্দুল মুমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১১	জনাব ওমর ফারুক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১২	জনাব বাঁধন কান্তি সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৩	জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৪	জনাব আলী আক্তারুল হক চৌঃ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র, ফেঞ্চুগঞ্জ
১৫	জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক
১৬	জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৭	জনাব কাজী রিয়েল, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ
১৮	জনাব জেসমিন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০২	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২১- ১১১৮ তারিখ ঃ ৩০-০৯-২০২১ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সিলেট ।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০৮. উপজেলা..... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
১০. জনাব ....., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

৩০.৯.২০২১

রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩১০৩৪